



ইউআইইউ বিজনেস স্কুল এসিবিএসপি অ্যাক্রিডিটেড

Published: 2019-07-29 21:41:01 BdST, Updated: 2019-07-31 10:31:04 BdST



ইউআইইউ লাইভ: ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির (ইউআইইউ) স্কুল অব বিজনেস অ্যান্ড ইকোনোমিকস অ্যাক্রিডিটেশন কাউন্সিল ফর বিজনেস স্কুল অ্যান্ড প্রোগ্রামস (এসিবিএসপি) এর স্বীকৃতি লাভ করেছে। যা বাংলাদেশের ইতিহাসে প্রথমবারের মত বিনা শর্তে ১০ বছরের জন্য এ স্বীকৃতি লাভ করে।

ইউআইইউ স্কুল অব বিজনেস অ্যান্ড ইকোনোমিকসের ডিন প্রফেসর ড. আবুল এইচএম গোলাম আযম সম্প্রতি যুক্তরাষ্ট্রের টেক্সাস অঙ্গরাজ্যে অনুষ্ঠিত এসিবিএসপির কনফারেন্সে অ্যাক্রিডিটেশন সনদ গ্রহণ করেন। এই স্বীকৃতির ফলে বাংলাদেশ থেকে বিদেশি বিশ্ববিদ্যালয়ে ক্রেডিট ট্রান্সফার, বিশ্বের নামিদামি বিশ্ববিদ্যালয়ে ভর্তি এবং শিক্ষার্থীদের আন্তর্জাতিক প্রতিষ্ঠানে চাকুরী প্রাপ্তি সহজতর হবে।

এছাড়া, এই অ্যাক্রিডিটেশন বিশ্ববিদ্যালয়ের শিক্ষার মান প্রতিনিয়ত উন্নয়নসহ শিক্ষার্থীদের বাজার উপযোগী করে তুলতে সহায়তা করবে। ইউআইইউ এশিয়ার রিজিয়ন-১০ এর মধ্যে অন্যতম বিশ্ববিদ্যালয় যারা এসিবিএসপি স্বীকৃতি পেতে সকল গ্রাজুয়েট প্রোগ্রাম পাঠদানে ৭০ ভাগ অতিরিক্ত যোগ্যতার যে বাধ্যবাধকতা রয়েছে এর চেয়েও বেশি যোগ্যতা অর্জন করেছে। এই স্বীকৃতি ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির জন্য গর্ব।

ঢাকা, ২৯ জুলাই (ক্যাম্পাসলাইভ২৪.কম)//এমআই

ক্যাম্পাসলাইভ২৪ডটকম-এ (campuslive24.com) প্রচারিত/প্রকাশিত যে কোনো সংবাদ, তথ্য, ছবি, আলোকচিত্র, রেখাচিত্র, ভিডিওচিত্র, অডিও কনটেন্ট কপিরাইট আইনে পূর্বানুমতি ছাড়া ব্যবহার করা আইনত অপরাধ।

Editor in Chief : Azhar Mahmood

Barek Mansion-3, Level-5, 58/10/A Free School Street, Panthapath, Dhaka-1205,
Bangladesh

Cell : +8801682561028, +8801611029933, Phone: +88 02 9330849-51

Email : livecampus24@gmail.com